CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীস্তবাবলী

পরমারাধ্যতম

শ্রীশ্রীল রঘুনাথ দাস গোস্বামিপাদ বিরচিত

সংস্কৃত স্তবের

বাংলা পদ্যানুবাদ

—০—

অনুবাদিকা—

শ্রীঅপর্ণা দেবী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

* শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ *

নিত্যলীলা প্রবিষ্ট

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমৎ বার্ষভানবী দয়িতদাস প্রভুবরের

শ্রীপাদপদ্মে

—* কৃপাশীর্ব্বাদ প্রার্থনা *—

—*—

পতিতপাবন শ্রীগুরুদেব !

তুমি. শ্রীচৈতন্যবাণী বিগ্রহ ধরি' এসেছিলে অবনীতে।
বেদের গোপন, কৃষ্ণপ্রেমধন, আপামরে বিতরিতে॥
শ্রীরূপ-রঘুনাথের কথা, প্রচার তোমার নিত্যব্রত।
সারা জীবন, সেই সেবনে, কোটি প্রাণেই ছিলে রত॥
আদেশ আছে, এ' দাসীর প্রতি, সেবিতে রূপ-রঘুর বাণী :
কৃপায় তব, আজি এ' স্তব, শ্রীকরেতে দিলাম আনি॥
অদোষদরশী প্রভো ! করহে হেন আশিস্ দান।
নিত্যসেবা লাভের লোভে, কাঁদে যেন এ' কঠিন প্রাণ॥

ভবদীয়া

শ্রীচরণ-কৃপা-কাঙ্গালিনী—

পতিতাধমা

অপর্ণা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরু গৌরাঙ্গৌ জয়তঃ

পরমারাধ্যতম
শ্রীশ্রীল রঘুনাথ দাস গোস্বামি-প্রভুপাদ-প্রণীত

শ্রীশ্রীস্তবাবলী

—সংস্কৃত স্তবের বাংলা পদ্যানুবাদ—

(দ্বিতীয় খণ্ড)

প্রথম সংস্করণ

—০—

সম্পাদিকা ও প্রকাশিকা
শ্রীশ্রীগুরুবৈষ্ণব-পাদপদ্ম-রেণু ভিখারিণী
শ্রীঅপর্ণা দেবী

[গ্রন্থ মুদ্রণ ব্যয় ৫০ পয়সা মাত্র।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরু গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীস্তবাবলী

(দ্বিতীয় খণ্ড)

সূচীপত্র

বিষয়		পত্রাঙ্ক
১।	শ্রীশ্রী গৌরাঙ্গস্তব কল্পতরু ...	১
২।	শ্রীশ্রী বিশাখানন্দদ স্তোত্র ...	৭

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গ্রন্থাগার
বারাণসী-5

পরমারাধ্যতম

শ্রীল রঘুনাথ দাস গোস্বামীপ্রভুপাদ বিরচিত

সংস্কৃত

শ্রীশ্রীগৌরাঙ্গস্তব কল্পতরুর

পদ্যানুবাদ

১। যাঁ'র গতিভঙ্গী, বদনমাধুরী, হেরি' নিরুপম নিখিল জন।
মত্ত গজরাজ, আর সুধাকরে, করেছে থুৎকার নিক্ষেপণ॥
উজল-তনুর অপূর্ব্বভাতিতে, সদয়-সরস বচনে যাঁ'র।
হেমাচল আর অমৃত-তরঙ্গ, নিয়ত লভিলা তিরস্কার॥
সেই লীলারঙ্গী গৌরাঙ্গদেব, সমুদিত হ'য়ে করুণাবশে।
হরষ-প্রমত্ত করিছেন মোরে, অগণিত লীলা-স্মিরিতি রসে॥

—*—

২। বিবিধ নবীন রতনের মতো, অশ্রু-কম্প-স্তম্ভ, পুলকরাজি।
আটটি সাত্ত্বিক ভাববিভূষণে, মহামনোহর শোভায় সাজি'॥
নীলাদ্রিনাথের, আনন্দের তরে, পুরোভাগে সুখে রহিয়া তাঁর
হাসি মুখে নব নটন মাধুরী, প্রকাশিলা যিনি চমৎকার॥
সেই রসরঙ্গী গৌরাঙ্গদেব, সমুদিত হ'য়ে করুণাবশে।
হরষ-প্রমত্ত করিছেন মোরে, অগণিত লীলা-স্মিরিতি রসে॥

—*—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩। কম্পবিচলিত, দন্তরাজি দ্বারা, দংশিয়া সুচারু রক্তাধর।
রসোল্লাসে যিনি, তির্যক্‌গতিতে. অতি অদ্‌ভুত নটনপর ॥
করুণ-অরুণ, নেত্র যুগলের, দরবিগলিত অশ্রুজলে।
সিক্ত কৈলা যিনি, জলযন্ত্র প্রায়, চারিটি পাশের মানবদলে।
সে' মহাবদান্য, গৌরাঙ্গসুন্দর, হৃদয়ে উদিয়া করুণাবশে।
আনন্দ-বিহ্বল, করিছেন মোরে, আপন মধুর স্মরণ-রসে ॥

—*—

৪। ব্রজপতি সুত, বিরহে বিধুর, মহাভাবাবিষ্ট শ্রীগৌরপ্রভু।
কাশী মিশ্রাবাসে, গম্ভীরাভিতরে, ধরিলা আশ্চর্য্য মূরতি কভু
শ্লথ হ'ল সব, অস্থি-সন্ধি, সুদীর্ঘ বাহু ও চরণদ্বয়।
ভূমি বিলুঠনে, কাতর রোদনে, কণ্ঠ-গদগদ বচনময় ॥
সেই মাদনাখ্য, রসামোদী গোরা, হৃদয়ে উদিয়া করুণাবশে।
হরষ-বিভল করিছেন মোরে, আপন মধুর স্মরণ-রসে ॥

—*—

৫। অর্গল-বদ্ধ ছিল দ্বারত্রয়, না করিয়া তাহা উদ্‌ঘাটন।
অতি সুউচ্চ তিনটি প্রাচীর, লীলায় করিয়া উত্তরণ ॥
কৃষ্ণবিরহের আতিশয্যে যিনি, প্রকাণ্ড শরীর সঙ্কোচিয়া।
তৈলঙ্গী সুরভি গণের মাঝারে, কমঠ আকারে বিরাজে গিয়া
সেই দিব্য প্রেমমত্ত, গৌরাঙ্গসুন্দর, নিজের বিচিত্র স্মৃতিরদ্বারা
করিছেন মোর, সারাটি হৃদয়, হরষে আকুল আপনা হারা ॥

—*—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৬। অগণিত প্রাণ-প্রিমতম সম, ব্রজের বিরহে পরম ক্ষিপ্ত
হইয়া যেজন, প্রলাপবচন, সতত কহিয়া বিকল চিত্ত॥
গৃহ ভিত্তিগাত্রে, নিজ মুখবিধু, ঘর্ষণ করি' বারংবার।
ক্ষত-উত্থিত, রুধির ধারায়, মূরতি ধরিলা চমৎকার॥
সেই মহাভাব-বিলাসী গৌরাঙ্গ, বিচিত্র মধুর স্মৃতির দ্বারা।
করিছেন মোর, সারাটি হৃদয় হরষে বিভল আপনা হারা॥

—※—

৭। একদিন মহাভাবের উন্মাদে,
জগন্নাথের দ্বারীর প্রতি।
কহিলেন—"সখে! দেখাও সত্বর,
কোথা কান্ত মোর পরাণ পতি?"
"দয়িতে হেরিতে যাও, দ্রুত যাও,"—
শুনিয়া তাহার মধুর স্বর।
মহা উৎকণ্ঠায় যিনি সে' সময়,
ধরেছিলা দ্বারাধীপের কর॥
সেই পীরিতি রঙ্গিয়া, গৌরাঙ্গদেব,
কৃপায় হৃদয়ে উদিয়া মোরে।
পরানন্দময় কতনা স্মৃতিতে,
মাতান্, ভাসান্ লোচন লোরে॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৮। নীলাদ্রি সমীপে চটক পর্ব্বত,
একদা করিয়া দরশন।
"হেথা হ'তে এবে, ত্বরা যাই ব্রজে,
যেথা গিরিধারী কান্ত মম॥"
হেন প্রলাপবচনে, প্রমত্ত প্রায়,
হইলে সহসা ধাবণরত।
যত্নে নিবারণ ক'রেছিলা যাঁ'রে
স্বরূপাদি প্রিয় ভকত যত॥
সেই দিব্য ভাবাবিষ্ট, শ্রীগৌরাঙ্গদেব,
কৃপায় হৃদয়ে উদিয়া মোরে।
পরানন্দময়, কতনা স্মৃতিতে,
মাতান্—ভাসান, লোচনলোরে॥

—০—

৯। একদিন দোল মণ্ডপে যিনি, স্বরূপাদি প্রিয়জনের সনে।
মুরারি হরির চারু নামাবলী, অতি সুমধুর সংকীর্ত্তনে॥
আবিষ্ট হইয়া কৈলা অভিনয়, হোরিকা লীলার রঙ্গচয়।
সেই রঙ্গিয়া গৌরাঙ্গ, অন্তরে জাগিয়া, করিছেন মোরে-
আনন্দময়॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১০। গরুড়ের প্রতি নারায়ণ সম, সেবক গোবিন্দে করুণাধার।
সান্দীপণি-পদে যদুবর ভাতি, পুরীদেবে ভক্তিপ্রকাশ যাঁর॥
সুবল সখায় গিরিধর প্রায়, স্বরূপে পীরিতি-সখ্য রয়।
সেই শ্রীগৌরাঙ্গ, অন্তরে জাগিয়া, করিছেন মোরে আনন্দময়

—০—

১১। আমার মতন, পতিত কুজন, উপমা ভুবনে মিলেনা আর।
দারা রত্ন ধন, দাবানল সম, সেই দুঃখরাশি করিয়া পার॥
যিনি অন্তরঙ্গ, স্বরূপের সঙ্গ, করুণা বশতঃ সমর্পিয়া।
গোবর্দ্ধন আর প্রিয় গুঞ্জাহার, প্রদানে হ'লেন ফুল্লহিয়া॥
সেই ভকত সঙ্গিয়া, পীরিতি রঙ্গিয়া, শ্রীগৌরাঙ্গদেব
করুণা করি।
হরষে প্রমত্ত করিছেন মোরে, অশেষ স্মৃতিতে হৃদয় ভরি॥

—০—

১২। শ্রীগৌরাঙ্গে উদিত, সদ্‌ভাব ভূষিত,
নিরমল প্রীতি-কুসুম-রাজি।
তা'র সুশোভিত, অতি সুললিত,
পদ্যাবলী রূপ শাখায় সাজি'॥
এই স্তব সুরতরু, সংসার-মরু—
মাঝারে হ'য়েছে সমুদগত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যিনি শ্রদ্ধানীরে, (এই) কল্পবৃক্ষটিরে,
নিয়ত প্রচুর সেচনে রত ॥
(পরম) দয়ালু ঠাকুর, শ্রীমহাপ্রভুর,
কৃপা দৃষ্টি রূপ সু-ফল লাভে।
ভরিবে তাঁহার, মানস-আগার,
শ্রীগৌরহরির অচিন্ত্য ভাবে ॥ ১২ ॥

—※—

শ্রীশ্রীগৌরাঙ্গ স্তব কল্পতরুর পদ্যানুবাদ সম্পূর্ণ।

কৃপাভিখারিণী—

অপর্ণা দেবী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

* শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ *

পরমারাধ্যতম

শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুপাদ বিরচিত

সংস্কৃত

শ্রীশ্রীবিশাখানন্দদ নামক স্তোত্রের

পদ্যানুবাদ

—০—

১। ভাব-নাম-গুণাদির একত্ব বশতঃ,
সর্ব্বরূপে যিনি শ্রীরাধিকারই মত,
ব্রজ-ইন্দু মাধবের প্রিয়তমা অতি,
সেই শ্রীবিশাখা-প্রসন্না হউন মোর প্রতি ॥

—০—

২। বিধির তরুণী-সৃষ্টি-শোভা-সম্পত্তি রূপিণী,
লীলাভরে দিব্য বৃন্দারণ্য বিহারিণী,
কোন এক সমুজ্জ্বলা অপূর্ব্বা শ্রীমতী,
হ'তেছেন নিত্যকাল জয় যুক্তা অতি ॥

—০—

৩। ছিন্ন সুবর্ণের মত সুপীতবরণী,
আরক্ত বসনে অবগুণ্ঠন ধারিণী,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেণী যাঁ'র অতি যত্নে সুনিবদ্ধ রয়,
সুচারু কুঙ্কুমে তনু অনুলিপ্ত হয় ॥

—০—

৪। দ্বিতীয়ার শশীরেখা—ললাট বঙ্কিম,
উজ্জ্বল কস্তূরী ফোঁটায় কা শোভা নবীন !
পরম সুন্দর যাঁর শ্রবণ যুগল,
ভূষিত ক'রেছে ফুল্ল সুনীল কমল ॥

—০—

৫। বিচিত্র বর্ণ বিন্যাসে হ'য়ে বিচিত্রিত,—
শ্রীবিগ্রহ নিত্য যাঁর পরম শোভিত,
কৃষ্ণরূপ চৌরের ভীতির কারণ.
কঞ্চুলীতে স্তনরত্ন করেন গোপন ॥

—০—

৬। হার, নূপুর-কেয়ূর, নাসার মুক্তা ফল,
চূড়া আর অঙ্গুলির অঙ্গুরী সকল,
নানা উত্তম বিভূষণে হ'য়ে বিভূষিতা,
নিয়ত শ্রীঅঙ্গ যাঁর পরম শোভিতা ॥

—০—

৭। যাঁর নীলপদ্ম সম লোচন যুগল,
কজ্জলের সহযোগে হ'য়েছে উজল ॥
মধুর সুগন্ধি নব তাম্বুল সেবনে,
মনোরম শোভা যাঁর অম্বুজ আননে ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৮। পক্ক বিম্বফল তুল্য যাঁহার অধর,
মৃদুহাস্যছটা যোগে অতি মনোহর;
মধুর আলাপরূপ পীযূষ বর্ষণে,
করে যিনি সঞ্জীবিত নিজ সখীগণে ॥

—০—

৯। বৃষভানু বংশের সুকীর্তি বর্ধিকা,
নিত্য নব অনুরাগে ভানু উপাসিকা;
কীর্তিদা রূপা খনির রত্ন শোভা যিনি,
উজ্জ্বল সৌন্দর্য্য, রমা ঠাকুরাণী যিনি ॥

—০—

১০। শ্রী অনঙ্গ মঞ্জরীর অগ্রজা ভগিনী,
শ্রীদাম-কনিষ্ঠা, চির আনন্দদায়িনী;
মুখরা নেত্রের সুধা বর্তিকা রূপিণী,
তাঁহারি আশ্রিতা, অতি স্নেহের নাতিনী ॥

—০—

১১। দেবী পৌর্ণমাসীর পরাণ পিঞ্জরে,
শারিকা হ'য়েও যিনি বাহিরে খেলা করে;
সুবল-প্রণয়ে যাঁর অন্তরে উল্লাস,
তাঁর প্রতি গুপ্তভার করেন বিন্যাস ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১২। ব্রজেশ্বরীর কৃষ্ণবৎ প্রণয় ভাগিনা,
যশোদার পদে অতি ভক্তিমতী যিনি।
মাতার বাৎসল্য-রসে সদা যাঁর স্নান,
শ্রীরোহিনী দেবী ল'ন মস্তকের ঘ্রাণ ॥

—০—

১৩। শ্রীনন্দের পাদপদ্মে ভক্তি পরায়ণা।
বৃষভানু সম, নন্দের পীরিতিভাজনা ॥

—০—

১৪। গুরুজন বোধে যিনি বলরাম প্রতি,
সসম্ভ্রমে দূর হ'তে করেন প্রণতি।
সারা ব্রজপুরী মাঝে এই লজ্জাবতী,
বধূ বোধেই,—রামেরও প্রেমপাত্রী অতি ॥

—০—

১৫। ললিতার যত্নে যিনি হ'ন সুললিতা,
প্রাণাধিকা সখী যাঁর সুন্দরী ললিতা।
ললিতা দেবীও নিজের লক্ষ লক্ষ প্রাণ,
ঢালিয়া করেন যাঁর রক্ষণ বিধান ॥
সুললিতা ললিতার ললিত প্রীতিতে।
বশীভূত চিত্ত যাঁর অপূর্ব্ব রীতিতে ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১৬। বৃন্দার সজ্জিত কুঞ্জরূপ কামগৃহে,—
মান পরিত্যাগ ক'রে, কানুর আগ্রহে;
প্রিয় সখী ললিতার বক্র-বাক্য ভয়ে,
সতত রহেন যিনি, কম্পিত হৃদয়ে ॥

—০—

১৭। বিশাখা সখীর নর্ম্ম সখ্য পরিহাস,
যাঁহার মানসে করে সুখের বিকাশ;
অভিন্ন হৃদয়া সেই বিশাখার প্রতি,
নিরন্তর চিত্ত যাঁর অনুরক্ত অতি;
প্রাণ-দীপাবলী দ্বারা, সখী বিশাখিকা,
আরতি করেন যাঁর, নখের-চন্দ্রিকা ॥

—০—

১৮। যাঁর মৃদুহাস্য রূপ কুমুদ-কোরক,
সখীদের একমাত্র জীবন রক্ষক;
স্নেহদানে ফুল্ল যিনি করেন নিজগণে,
"গোবিন্দ-বল্লভা"—যাঁরে জানে সর্ব্বজনে ॥

—০—

১৯। বৃন্দাবন রূপ মহারাজ্য মাঝে যাঁর,
মহাঅভিষেক হেতু, ঔজ্জ্বল্য অপার;
যাঁর মুখ, সর্ব্বগোষ্ঠবাসীর জীবন,
দন্তরাজি সুগঠন; পরম শোভন ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

২০। বৃন্দাবনের খগ-মৃগ, যত তরুলতা,
বিশেষ জানেন যিনি, সকলেরি কথা;
তা' সবার সুসখ্যের মধুর সুবাসে,
পরম আনন্দ রাজে, যাঁহার মানসে ।।

—০—

২১। স্নিগ্ধ স্বভাবা যিনি জনম অবধি,
সকলের প্রতি যাঁ'র স্নেহ নিরবধি;
নিজ নামে জগতের চিত্ত দ্রাবিকা,
করুণা রূপিণী, দীন জনের পালিকা ।।

—*—

২২। গোকুলে গোকুল বিধুর বিপত্তি বিনাশ,
ধীর ললিত ভাবের প্রচুর উল্লাস;
এই কামনায় যিনি নিষ্ঠাযুক্ত প্রাণে,
নিরত রহেন নানা ব্রত অনুষ্ঠানে ।।

—০—

২৩। গুরু-গাভী, বিপ্রদের সেবন নিরতা,
সতত পরম দৈন্য-বিনয়-বিনতা;
গুরুদের আশীর্ব্বাদ লাভে শতশত,
সৌভাগ্যাদি গুণ যাঁর, বাড়ে অবিরত ।।

—*—

২৪। দুর্ব্বাসা মুনির বরে পাচিত অন্ন যাঁর,
আয়ুঃ, গো, সম্পদ্, যশঃ, দেয় সবাকার;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ' হেতু যশোদা রাণীর আজ্ঞা অনুসারে,
নন্দালয়ে কুন্দলতা নিয়ে যান যাঁ'রে ।।

—※—

২৫। যাঁহার বচনামৃত গোষ্ঠের জীবন,
গোবিন্দেরো প্রাণ রক্ষার ঔষধি পরম;
আপনার অগণিত প্রাণরাজি দ্বারা,
কৃষ্ণপাদ-রেণু রক্ষায় যিনি আত্মহারা ।।

—※—

২৬। কৃষ্ণপাদপদ্ম জাত মধুর রসময়।
শ্যামকুণ্ডে নিত্য যিনি স্নানে রতা রয় ।।

—※—

২৭। নিজকুণ্ডের পূর্ব্বতীরে রত্নস্থলীতে।
প্রিয়তমা নর্মসখীগণের সহিতে ।।
যিনি অতি ভঙ্গীময় বাক্য পরিহাসে,
করিছেন বিস্তারিত, পরম উল্লাসে ।।

—※—

২৮। গোবর্দ্ধন-গুহার লক্ষ্মী স্বরূপিণী।
গিরিরাজ মাঝে যিনি বিহারকারিণী ।।
গোবর্দ্ধনধারী পদে প্রণয়শালিনী।
গিরিবরধর হরির প্রিয়তমা যিনি ।।

—০—

২৯।৩০। "শ্রীগান্ধর্ব্বা" নামে যিনি সর্ব্বত্র বিখ্যাতা।
সঙ্গীত বিদ্যায় যাঁর অদ্ভুত ক্ষমতা ।।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"রাধা" এই নামে যিনি প্রসিদ্ধিশালিনী।
ভক্ত-জন বাধা-বিঘ্ন সতত নাশিনী॥
নাম যাঁর "চন্দ্রকান্তি" চঞ্চল লোচনা।
"শ্রীরাধিকা" নামে যিনি নিয়ত শোভনা।
কৃষ্ণের সেবিকা যিনি চির নিরুপমা।
রাধিকাই হরি-আরাধিকা সর্ব্বোত্তমা।
"গান্ধর্বিকা" নাম যাঁর, গুণের উচিত।
আপন সৌরভে করেন, গোকুলে মোদিত॥
এই পঞ্চনামে সর্ব্ব গোকুলের জন।
প্রীতিভরে করে সদা যাঁর আরাধন॥

—০—

৩১। হরিণী নামেতে যিনি ব্রজে পরিচিতা।
মৃগীতুল্য মনোহর লোচন শোভিতা॥
নানা লীলা রঙ্গে যিনি সতত রঙ্গিণী।
'রঙ্গিনী' নাম্নী বয়স্যার অতি প্রিয়া যিনি॥
'রঙ্গিনী' হরিণীর শবদ শ্রবণে,
সমাগত কুরঙ্গের রব শুনি' কর্ণে,
মনোরম হাসি জাগে যাঁর বরাননে॥

—০—

৩২। প্রাণকান্ত কৃষ্ণ প্রতি আকাঙ্ক্ষা কারণ।
নন্দীশ্বরে যেতে যিনি উৎকণ্ঠিত হ'ন॥
সুনবীন অনুরাগ-সম্বন্ধ জনিত।
মদিরা-মদেতে যাঁর চিত্ত আমোদিত॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC-0. In Public Domain. Digitizagtion by eGangotri

৩৩। কামোন্মত্ত গোবিন্দকে করিয়া দর্শন,
অকস্মাৎ যিনি হাস্য, প্রলাপ, রোদন,
কম্প, রোষ, আর নিজ অধর দংশন,
অন্তরের কাতরতা করেন প্রকাশন ॥

—০—

৩৪। অতি মনোহর যাঁর মুখাম্বুজ 'পরে,
কৃষ্ণ যবে স্মিতহাস্যে দৃষ্টিপাত করে,
পুষ্পরাজি আকর্ষণ ছলেতে তখন,
ঊর্ধে বাহুমূল যিনি করেন সঞ্চালন ॥

—০—

৩৫। শ্রীগোবিন্দ অবস্থিত হ'লেও সম্মুখে,
অতি ভাবাবেশ বশে, তাঁহাকে না দেখে,
দলোপরি মূর্তি তাঁর করিয়া অঙ্কন,
অনুরাগে সদা যিনি করেন দর্শন ॥

—০—

৬৩। যে ভামিনী প্রেমাকাঙ্ক্ষী কৃষ্ণের উপরে,
দেখায়ে অবজ্ঞা ভাব, চারুলীলা ভরে,
আয়ত-নয়নে কিবা ভঙ্গিমার সনে,
দৃষ্টিপাত করে, গিরি-কন্দর-ভবনে ॥

—০—

৩৭। সুবলের কাঁধে হাত রাখিয়া মাধবে,
অবিরত দৃষ্টিপাতে রত হ'ন যবে,
সেই কালে লীলাপদ্ম দ্বারা মহাসুখে,
তমালে তাড়না যিনি করে হাসিমুখে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩৮। মৃদুহাস্যে লীলারঙ্গে মাধব যখন,
লীলা শতদলটিরে করেন চুম্বন।
সে সময় সুমধুর হাসিমুখে যিনি,
ললাট-কস্তূরী-রস লইয়া আপনি,
করেন আঘ্রাণ তা'য়, মাত্র একবার,
এমন ললিতলীলা যাঁহার অপার ॥

—০—

৩৯। মহাভাবে অত্যুজ্জ্বল চিন্তা-রত্ন চয়,
শ্রীরাধা-বিগ্রহে দীপ্তি পায় অতিশয়,
সখীদের প্রীতিরূপ গন্ধ-উদ্বর্তনে,
সমুজ্জ্বলা হ'ন তিনি, আনন্দিত মনে ॥

—০—

৪০। প্রাভাতিক স্নান, কারুণ্য-অমৃত-তরঙ্গে।
মধ্যাহ্নে তারুণ্য-ধারে, স্নান তাঁ'র রঙ্গে ॥
সন্ধ্যায় বহে, মধু-লাবণ্যের বন্যা।
তাহাতে করেন স্নান, বৃষভানুকন্যা ॥

—০—

৪১। লজ্জারূপ পট্টবাসে দেহ আচ্ছাদিত,
সৌন্দর্য্য-কুঙ্কুমরাগে বিচিত্র শোভিত,
শ্যামল উজ্জ্বল রস, সুগন্ধি কস্তূরী,
তা'তে বিচিত্রিত দেহা রাধিকা সুন্দরী ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৪২। কম্পাশ্রু, পুলকস্তম্ভ, গদ্‌গদ, রক্ততা,
ঘর্ম্মবারি, প্রেমোন্মাদ তনুর জড়তা;
এই নব রত্ন দ্বারা রচা অলঙ্কার,
পরিধান করে রাই, অতি চমৎকার ।।

—০—

৪৩। সৌন্দর্য্য-মাধুর্য্য আদি, যত গুণ রূপ,
সে' সব তাঁহার পুষ্পমালিকা স্বরূপ;
ধীরা ও অধীরা ভাব, শুচি-গন্ধময়,
ত্রই পটবাস রাধা, ব্যাভার করয় ।।

—※—

৪৪। কবরী বন্ধনে রহে, সুপ্রচ্ছন্ন মান,
সৌভাগ্য তিলক ভালে নব দীপ্তিমান;
গোবিন্দের নাম-যশঃ, শ্রুতি রসায়ন,
করেছেন ধনী তাহা, কর্ণের ভূষণ ।।

—০—

৪৫। অনুরাগ–তাম্বূলের গাঢ় রক্তিমায়,
ওষ্ঠ দুই খানি তাঁর, বড় শোভা পায়;
প্রণয়-কৌটিল্য রূপ সুন্দর কাজল,
শোভা করে শ্রীরাধার লোচন চপল।
কৃষ্ণ আর সখীদের উপহাস ভাষা
শুনি' তায়, রাই স্মিত-কর্পূরে সুবাসা ।।

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৪৬। কার্ত্তিরূপ অন্তঃপুরে গর্ব্ব-খট্টোপরি,
লীলাভরে উপবিষ্টা রাধিকা সুন্দরী;
প্রেমের বৈচিত্ত্যরূপ হার-মধ্যমণি,
তাহাতে সুষমাময়ী কানুপ্রেম খনি ॥

—০—

৪৭। প্রেমরোষে আরক্তিম কঞ্চুলী বেষ্টনে,
স্তনযুগ ঢাকে রাই, পরম যতনে;
সপত্নীগণের বক্ষঃ বদন শোষিণী,
তাঁহার উত্তম যশঃ কচ্ছপীর ধ্বনি ॥

—০—

৪৮। নিজ প্রিয় সখী, চারু নবীন যৌবন,
তাঁরি স্কন্ধে করপদ্ম করিয়া অর্পণ;
শ্যামা—শ্যাম-স্মর-মধু করি; বিতরণ,
মত্ত করে কামাতুর গোবিন্দের মন ॥

—০—

৪৯। মহা ভাগ্যবতীদের মস্তক উপরি,—
যিনি অতি সুশোভন ভূষণ-মঞ্জরী;
যাঁর সুনির্ম্মল যশোরাশি অতুলন,
আবৈকুণ্ঠ ব্রহ্মাণ্ডের কর্ণের ভূষণ ॥

—০—

৫০। বৈদগ্ধ্য-অমৃতের সিন্ধু অতুলন,
চাতুর্য্য সুধার একমাত্র নিকেতন;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাধুর্য্যের একমাত্র পীযূষ-লতিকা,
অনুপম গুণ-রত্নের অমূল্য পেটিকা ॥

—০—

৫১। কানুর অনঙ্গ-পদ্ম বিকাশ কারণ,—
যিনি নিত্য নিরুপম ভানুর কিরণ;
বৃষভানু নৃপতির কন্যা আদরিনা,
হরি চিত্ত কুমুদের চন্দ্রিকা রূপিণী ॥

—০—

৫২। গোবিন্দের অপরূপ মানস হংসের,
মানসী সরসী যিনি, মহা আদরের;
কৃষ্ণরূপ চাতকের জীবন রক্ষিণী,
নব জলধর ধারা, আনন্দরূপিণী ॥

—০—

৫৩। সিদ্ধাঞ্জন সুধাবর্ত্তি, কৃষ্ণের লোচনে,
অশেষ হরষ কৃষ্ণের, শ্রীরাধা-দর্শনে।
শ্রান্ত কৃষ্ণাঙ্গে যিনি বাসন্তী বাতাস,
মাধবে মাধবী দেন, পরম উল্লাস ॥

—০—

৫৪। কৃষ্ণরূপ মত্ত গজের বিহার-দীর্ঘিকা,
হরি-প্রাণ-মহামীনের, বারিধি রাধিকা ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৫৫। কৃষ্ণরূপ অলির আম্র-মঞ্জরী নূতন,
কৃষ্ণপিকের প্রীতিকারী মন্দার কানন ।।

—০—

৫৬। কৃষ্ণ ক্রীড়া উপবনে বিহার কারিণী,
পিকবধূরূপে সদা শোভিছেন যিনি ।।
বকারির মনোমৃগ ধীর অচঞ্চল,
যাঁর নাদ-আকর্ষণে, হয় সুচঞ্চল ।।

—০—

৫৭। প্রবল প্রণয়রূপ মহা সিদ্ধিবলে,
বশীকৃত করেছেন যিনি গিরিধরে;
'মাধবাতিবশা' বলি' জগতে প্রচার,
মাধবের প্রিয়তমা, 'মাধবী' নাম যাঁর ।।

—০—

৫৮। কৃষ্ণরূপ সুমঞ্জুল তমাল উপর,
শোভা যাঁর, স্বর্ণ যুথী সম মনোহর,
গোবিন্দরূপ সুনবীন রম্য জলধরে।
স্থিরা বিদ্যুৎলতা সম শোভা যিনি ধরে ।।

—০—

৫৯। গ্রীষ্মে কৃষ্ণ অঙ্গে, কর্পূর-চন্দন-চন্দ্রিকা।
নানারূপে গোবিন্দের আনন্দ দায়িকা ।।
শীতে শ্যামসুন্দরের কোমল শ্রীঅঙ্গে।
পীত পট্টবাস রূপে, রাজে যিনি রঙ্গে ।।

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৬০। কৃষ্ণরূপ বিটপীর উল্লাস সঞ্চারে।
সুমধুরা মধুলক্ষ্মী মধুঋতুকালে॥
বর্ষায় যিনি শ্যামের হরষদায়িনী।
অতি মঞ্জুল মল্লায় রাগশ্রীরূপিণী॥

—০—

৬১। শরৎ সময়ে যিনি এ' বৃন্দা কাননে।
হইয়া মিলিতা প্রিয় সখীদের সনে॥
রাস রসিকেন্দ্র সেই শ্যামে বরিবারে।
সাক্ষাৎ রাসশ্রী রূপে নিরতা বিহারে॥

—০—

৬২। হেমন্তে কাম রণার্থে গোপেন্দ্রনন্দন।
অতিশয় মোদভরে করে বিচরণ॥
পুরুষ-উচিত বল-বিক্রম প্রকাশে।
পূর্ণ পরাজয় তা'রে করিবার আশে॥
সাক্ষাৎ বিজয়লক্ষ্মী মূরতিধারিণী।
বৃন্দাবিপিনের মাঝে বিরাজিতা যিনি॥

—০—

৬৩।৬৪। বিধাতা প্রফুল্ল চিত্তে সকল স্থানের,
যাবতীয় সুন্দর বস্তু নিচয়ের,
যত কিছু সর্ব্বোত্তম সার অংশ চয়,
যত্নে তাহা দীর্ঘকাল করিয়া সঞ্চয়,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিপাটি রূপে তাহা কৌশল সহিত,
নির্মাণ করিয়া অতি বিত্রিত ললিত,
আত্মশ্লাঘা প্রকাশের ছলে বারংবার,
নিরন্তর প্রসংসন করেন যাঁহার।
নিরুপম যাঁর নখর কান্তি নিকর,
গৌরী, রমা, কাম্যশোভা জিনি মনোহর ॥

—০—

৬৫। শরতের পদ্ম, চন্দ্র, মাণিক দর্পণ,
এরা যাঁর মুখাম্বুজ সুষমার কণ,
পরম সুন্দর বোধে করে নীরাজন ॥

—০—

৬৬। স্থায়ী ও সঞ্চারী ভাবে উদ্দীপ্ত সাত্ত্বিক,
বিভাব প্রভৃতি, অনুভাবের সহিত;
ভাবনা বিষয়ীভূতা হইয়া ও যিনি,
স্বয়ংই হন,—মধুর রস স্বরূপিণী ॥

—*—

৬৭। স্ব-সৌভাগ্য-দুন্দুভির ধ্বনি-কোলাহলে;
এস্ত্য করেন, বিপক্ষা গর্বিতা গোপীদলে ॥

—*—

৬৮। বিপক্ষীয়া লক্ষ লক্ষ গোপ ললনার।
হৃৎকম্পকারী মুখশ্রীতে আপনার ॥
বশীকৃত করেন যিনি কৃষ্ণের অন্তর।
মদন আবেশে সদা অলস-মন্থর ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

৬৯। কোটি মদনের শোভা জয়ী গিরিধারী,
চঞ্চল অপাঙ্গ রঙ্গ তরঙ্গ বিস্তারি'—
অবিচল পতিব্রতা-ধর্ম্ম-ধন যাঁর,
একেবারে বিস্মরণ করায় চমৎকার ॥

—০—

৭০। "কৃষ্ণ" এই দু'টি বর্ণের মোহন মন্ত্র দ্বারা।
আশ্চর্য্যরূপে যিনি মুগ্ধা আত্মহারা।
কৃষ্ণাঙ্গের অত্যুত্তম সৌরভ স্বরূপ,
মাদকে মাদিতা যিনি, অতি অপরূপ ॥

অথবা

"কৃষ্ণ" এই দুই বর্ণের মোহ-মন্ত্রে বিমোহিতা।
কৃষ্ণাঙ্গ-রম্য-সৌরভ-মাদকে মাদিতা ॥

—০—

৭১। কুটিল ভ্রূরূপ চঞ্চল কার্ম্মুক উপরে,
কটাক্ষের তীক্ষ্ণশর সংযোজন ক'রে,
বিহ্বল করেন যিনি, প্রাণেশ-অন্তরে ॥

—০—

৭২। যিনি নিজ মনোহর অঙ্গ সৌরভের,
বিস্তার রূপ, মাদক মহা ঔষধের,
বাত্যা দ্বারা, একমাত্র মাদক সবাকার,
অচ্যুতেরো উন্মাদনা করেন সঞ্চার।

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৭৩। 'রাধা' এই নাম রূপ নীহার সমীর,
প্রবেশিলে দৈবক্রমে পথেতে শ্রুতির,
রোমাঞ্চন, কম্পন, আর শীৎকার মধুর,
এ'সব উদিত হ'লে শ্রীকৃষ্ণে প্রচুর,
করেন যিনি প্রাণেশের চিত্ত আকর্ষণ।
(নামটিরই অত্যাশ্চর্য্য মহিমা এমন।)

—০—

৭৪। কৃষ্ণের নয়ন রূপ তৃষিত রসন,
যাঁর মুখকান্তি-সুধা করিছে লেহন,
নিত্যকাল অমৃতের ঝারি রূপে যিনি,
কৃষ্ণেতর বিষয়ের তৃষ্ণা বিনাশিনী ॥

—০—

৭৫। রাসনৃত্যে মনোরম রসের উল্লাসে।
বশীভূত করেন যিনি, আপন প্রাণেশে ॥
সঙ্গীতে করেন তাঁর প্রফুল্ল অন্তর।
পিককণ্ঠ জিনি' অতি মধুর সুস্বর ॥

—০—

৭৬। শ্রীকৃষ্ণের কেলিরূপ অমৃত-সাগরে।
'মকরবধূ' রূপে যিনি রাজে প্রীতিভরে ॥
অতুল মঞ্জুল পরিহাসের ক্রীড়ায়।
তাঁহার মদন-রাগ নিয়ত বাড়ায় ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৭৭। গতি যেন মহাগজ প্রায় মদমত্ত।
কুচযুগ উৎকৃষ্ট মদগন্ধ যুক্ত॥
মধ্যদেশ উদ্দাম সিংহের প্রায়।
উদর-ত্রিবলী দুর্গ-ভিত্তি সম ভায়॥

—০—

৭৮। রোমরাজি ধরিয়াছে নাগপাশ শোভা।
নিতম্বটি রথ সম অতি মনোলোভা॥
দন্তাবলী দুর্দ্দান্ত সামন্ত বৃন্দ রূপ।
পদাঙ্গুলী পদাতিক শ্রেণীঅপরূপ॥

—০—

৭৯। পদাতিক গণাধ্যক্ষ শ্রীপাদ যুগল।
বিস্তৃত কবচরূপে, পুলক সকল॥
উরু দু'টি, জয় সূচক স্তম্ভ মণিময়।
বাহুদ্বয়, সুদৃঢ় পাশ স্বরূপ রয়॥

—০—

৮০। ভ্রূযুগল—সুকুটিল ধনুক সুন্দর।
কটাক্ষ নিকর অতি তীক্ষ্ণতম শর॥
ভালদেশ দিব্য অস্ত্র, অর্ধচন্দ্র রূপ।
নখাঙ্কুর রাজি রাজে, অঙ্কুশ স্বরূপ॥

—০—

৮১। স্বর্ণময় চন্দ্র ফলক শ্রীমুখ মণ্ডল।
কৃপাণ স্বরূপ, দীপ্ত শ্রীকর যুগল॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভল্লাস্ত্রের মত, হাতের অঙ্গুলি নিচয়।
গণ্ড দুটি, কনক দর্পণ শোভাময়॥

—০—

৮২। কেশপাশ তীব্রতর ক্রোধের মতন,
ধনুকের গুণ সম দুইটি শ্রবণ॥
বন্ধুক কুসুম যেন, অধর রাতুল।
অরিকর কম্পকারী, প্রতাপ অতুল॥

—০—

৮৩। বলয় কিঙ্কিণী আর নূপুরের রব।
দুন্দুভির ধ্বনি বলি' হয় অনুভব॥
চিবুক প্রশস্ত যেন, স্বস্তিক সমান।
কণ্ঠদেশ জয়প্রদ শঙ্খ শোভমান॥

—০—

৮৪। ব্রহ্মাস্ত্র সমান হয় যাঁর আলিঙ্গন।
অঙ্গ সৌরভ, মাদক ঔষধ পরম॥
দেহ বুদ্ধি বিমোহিনী মধুময় বাণী।
সুমোহন-মন্ত্র-শোভা সম্পত্তি রূপিণী॥

—*—

৮৫। নাভিদেশ রত্নাদির ভাণ্ডার স্বরূপ।
সুউন্নত নাসিকার শোভা অপরূপ॥
অতিশয় মনোরম, মৃদু হাস্য-লেশ।
কেশবের বশীকরণ–তন্ত্র সবিশেষ॥

—*—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৮৬। শত্রু পরাজয়কারী 'ভৃঙ্গ' নামক,
অস্ত্রের মত ভীষণ, যাঁহার অলক,
কন্দর্প-সমরলক্ষ্মী, মূর্তি চমৎকার,
বেণীটি ঠিক বিজয় পতাকা আকার ॥

—*—

৮৭। অনন্তর অন্যছলে শ্রীরাধাকে বর্ণন
করিয়া, তাঁহার নিকট শ্রীকৃষ্ণ স্বীয়
কহিতেছেন, অভীষ্ট প্রার্থনা করতঃ
হে শ্রীরাধে! এই কামরণ সজ্জা সব
আছে তব; অপরের পরম দুর্লভ।
কিন্তু ললিতাদি সেনা নায়িকা গণের,
এরূপ উপকরণ রয়েছে তো সকলের ॥

—※—

৮৮। মহারাজ কন্দর্প কর্ত্তৃক হ'য়ে নিয়োজিত,
ব্রজে দানীন্দ্ররূপে আমি খ্যাত পরিচিত,
অতিশয় দর্পমদে প্রমত্ত অন্তরে।
চলিছ তোমরা, মোরে অবজ্ঞার ভরে ॥

—০—

৮৯-৯২। সীমন্ত-সিন্দুর-বিন্দু পরম শোভন,
নাসা-মুক্তা, হার-বালা, কাঁচুলী বসন,
কেয়ূর, অঙ্গুরী, কাজল, কর্ণ ভূষাদ্বয়,
মহামূল্য বস্তু চেয়ে মহামূল্য হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তোমাদের এত সব রণের সম্ভার,
তাহা ছাড়া ব্রজজাত দধি দুগ্ধ ভার,
এ' সব অমূল্য বস্তুর সমুচিত কর,
না করিয়া দান মোরে, তোরা নিরন্তর,
খেলা ক'রে বেড়াতেছ, এই ব্রজবনে,
সে কারণে এ কথা যে হয় মোর মনে,
তোমাদের সকলেরি আমার সহিতে,
যুদ্ধ করিবার তরে সাধ্ আছে চিতে।
কিন্তু একাকী যে আমি,—
তোরা শতশত।
ক্রমশঃ এক এক ক'রে,
হও রণে রত।।

—০—

৯৩। প্রচণ্ড স্বভাবা এই ললিতা প্রথম,
আরম্ভ করুক্ ঘোর সংগ্রাম বিক্রম,
রাধে! তুমি তারপর করিবে গো রণ,
ক্রমে ক্রমে অন্য যত যুদ্ধ প্রিয়াগণ।

—*—

৯৪। আর যদি সকলেই মিলি' এক সঙ্গে,
গর্ব্ববশে ইচ্ছা কর, রণ ক্রীড়া রঙ্গে,
সবে মিলে অগ্রসর হও তাহা হ'লে,
ক্ষণ মধ্যে বাহু দ্বারা পিষিব সকলে।।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৯৫–৯৬। শ্রীকৃষ্ণের সাটোপ নর্ম-রচিত বচন,
শ্রীরাধিকা হর্ষামোদে করিয়া শ্রবণ।
মদন আকুল চিত্তে, মিলি' সখীগণে,
মৃদু হাস্যে কটাক্ষের শর নিক্ষেপণে,
মদোদ্ধত শ্রীকৃষ্ণেরে করি' স্তব্ধীভূত।
মরালীর মতো ভঙ্গী প্রকাশি অদ্ভুত॥
গমনে উদ্যতা হ'লে, মাধব তখন,
হাসিয়া ধরিলা তা'র অঞ্চল বসন॥

—০—

৯৭–৯৮। শ্রীরাধা সে'ক্ষণে নিজ বসন-অঞ্চলে,
আকর্ষিয়া হেলাময় নবলীলা ভরে;
চলিতে আরম্ভ কৈলে, মনোহর ভাবে,
শ্রীহরি রুধিলা পথ, রহি' পুরোভাগে॥
দেখিতে দেখিতে কৃষ্ণে সরোষ নয়নে,
মানস জাহ্নবী শীঘ্র পারের কারণে,
তরণী উপরে রাই কৈলে আরোহণ,
ইতঃস্ততঃ নৌকাটির হলো আন্দোলন,
তাহাতে হইয়া ভীতা, শ্রীমতী তখন,

—০—

ক'রেছিলেন নাবিক কৃষ্ণের স্তবন॥

৯৯। রাধাকুণ্ডে শ্রীঅচ্যুতে সলীল ক্রীড়ায়, / সালিল
পরজিহ্বা উপহাস করিবারে তাঁয়,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সহাস আননে যিনি চারুভঙ্গী সনে,
করেন নিযুক্ত, হাস্যমুখা সখীগণে ।।

—০—

১০০। আম্র মুকুলের পূতঃ মকরন্দ চয়,
যেখানেতে বিগলিত হয় অতিশয়,
সেইরূপ কুঞ্জালয়ে বিলাসশয্যায়,
মুকুন্দ সাজান যাঁরে, কুন্দমালিকায় ।।

—০—

১০১। নানা রূপ মণিরাজি বর্হসুমনে,
গুঞ্জাফলাদির দ্বারা পরম যতনে,
কেশব কবরী যাঁর করিলে বন্ধন,
রোমাঞ্চরূপে কামাঙ্কুর করেন ধারণ ।।

—০—

১০২। মঞ্জুল কুঞ্জের মাঝে মুকুন্দ যখন,
শ্রীমতীর স্তনযুগ করেন চিত্রণ,—
গাঢ় সখ্যোন্মাদ বশে কুচ সঞ্চালনে,
নিরস্ত করেন, নাথের হাতটি সে'ক্ষণে ।।

—০—

১০৩। বিহার কালে যত্নভরে কৃষ্ণের প্রদত্ত,
অতি সুবাসিত স্বাদু তাম্বুল চর্বিত,
বাম্যভাব ভরে তা'য় না করে গ্রহণ,
মৃদুহাস্যে করেন যিনি, দোষ আরোপণ ।।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১০৪। পাশক খেলায় পণরূপে নির্ধারিত,
অথচ কৃষ্ণের দ্বারা গোপনে রক্ষিত;
জয় ক'রে, বংশীটিরে হাস্যের প্রকাশে,
সবলে গ্রহণ কৈলে, আপন সকাশে,
আলিকুল হাসিমুখে হরষে অপার,
ক'রেছিল অতিশয় প্রশংসা যাঁহার ॥

—০—

১০৫। বিশাখা কহিয়া গূঢ় কৌতুক বচন,
শ্রীকৃষ্ণেরে পরাজিত করেন যখন,
কৃষ্ণ প্রতি লক্ষ্য করি' যিনি সে সময়,
করেন প্রকাশ মৃদু হাস্য শোভা চয়।
পরিহাস শিক্ষাদানে শিক্ষয়িত্রী যিনি,
বাগ্মিতায় ভারতীরে পরাস্তকারিণী ॥

—০—

১০৬। বিশাখার পাশে কৃষ্ণ নির্জন ক্রীড়ার,
সুগোপন কথাগুলি করিলে প্রচার।
ভ্রূ-বিলাস-লীলাভরে, যিনি দু'টি বার,
মাধবে করেন, লীলা কমল প্রহার ॥

—০—

১০৭। ললিতাদি সখী অগ্রে, নেত্রভঙ্গী দ্বারে,
কৃষ্ণ ভোগ-চিহ্ন, দূতী করিলে সূচনা;
ঈষৎ হাসিয়া, বৃথা রোষ সহকারে,
করেন যিনি দূতী প্রতি, হুঙ্কার রচনা ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১০৮। কখনো প্রণয়-হেতু অভিমান ভরে,
সুমধুর মৃদু হাস্য করি' সম্বরণ,
মৌনিনী হইয়া শেষে, মদনের শরে,
ভীতি বশে, হাসি মাখা রুচির আননে,
নিদ্রাচ্ছলে মাধবেরে করেন আলিঙ্গন ॥

—০—

১০৯। বিহার সময়ে কৃষ্ণ, কৌতুক বশতঃ,
অকারণে রাই প্রতি হইয়া কুপিত;
অতিশয় মৌনভাব করিলে ধারণ,
সকাতরা হ'য়ে সত্বর, শ্রীরাধা তখন,
স্মিতাননে সুধাস্নিগ্ধ আলিঙ্গন দানে,
পূজন করেন তাঁ'র, উচিত বিধানে ॥

—০—

১১০। প্রণয় জনিত অভিমান বশে যিনি,
প্রথমতঃ একেবারে হইয়া মৌনিনী,
(শেষে) স্মর রূপী মিত্রের মধ্যস্থতা ক্রমে,
আপনার মৌনভাব ত্যজিয়া প্রথমে,
কৃষ্ণকেও মৌনশূন্য করিয়া দর্শন,
মুখে স্মিত হাস্য শোভা করেন ধারণ ॥

—০—

১১১। পথে চন্দ্রাবলী সনে হইয়া মিলিত,
কৃষ্ণচন্দ্র হ'য়েছেন, সম্ভোগ-দূষিত;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC-0. In Public Domain. Digitizagtion by eGangotri

কখনো বা ক্রূর চিত্তা সখীর বদনে,
শুনি' যিনি সুমানিনী, হ'ন রোষ মনে ।।

—০—

১১২। যাঁর অতি সুকোমল পাদপদ্ম স্থিত,
অলক্তকে মস্তকেরে করি' সুরঞ্জিত,
শত শত কাকু-উক্তি করিলে শ্রীহরি,
সাশ্রুনেত্রে যিনি চঞ্চল দৃষ্টি ভঙ্গী করি,
তাঁর প্রতি ঈষৎ মাত্র করেন নিরীক্ষণ ।।

১১৩--১১৪।

কখনো বা কলিন্দজা যমুনার কূলে,
পরিবৃতা হ'য়ে যিনি নিজ সখী কুলে।
মুকুন্দের সনে পুষ্প চয়ন খেলায়,
বিহার-কৌতুকলীলা বশতঃ তথায়,
কুসুমদল-ফলাদির সংগ্রহ বিষয়ে,
প্রেমজনিত কোপের বশীভূতা হ'য়ে,
প্রস্থানের উদ্যোগ করিলে স্থানান্তরে,
নিবারণ কৈলা শ্যাম, ধরি' পটাঞ্চলে ।।

—*—

১১৫। বিলাস শ্রান্ত, ক্লান্ত প্রাণকান্ত যখন,
করেন ললিতা-ক্রোড়ে, মস্তক স্থাপন;
সেই কালে প্রিয়তমে প্রেমাবিষ্ট মনে,
রক্ত বস্ত্রাঞ্চলে যিনি সেবেন বীজনে ।।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১১৬। প্রিয়তমা সখীদল যাঁ'রে প্রীতিভরে,
শ্রীহরির সাথে সুখে সংযোজিত ক'রে,
পুষ্প বিরচিত অতি সুচারু দোলায়,
সুমধুর কলগীতে কৌতুকে দোলায় ॥

—০—

১১৭। মনোজ্ঞ সঙ্গীতরতা সখীদের সনে,
মিলিতা হইয়া যিনি, কুণ্ড-কুঞ্জাঙ্গনে।
বীণাবাদ্যে শ্রীগোবিন্দে করিয়া নন্দিত,
পীরিতি-চুম্বন লাভে হয়েন লজ্জিত ॥

—※—

১১৮। মৃদু হাসি মুখে, যিনি নিরজনে,
গোবিন্দের শোভাময়, কমল বদনে,
নর্ম-ক্রীড়া-কর্পূরে বাসিত, অতুলন,
তাম্বূল-বীটিকা সুখে, করেন অর্পণ ॥

—০—

১১৯। গোবর্দ্ধন-গুহামধ্যে, আলস্যের ভরে,
শায়িতা হইলে যিনি, কৃষ্ণ বক্ষঃস্থলে,
ললিতা যতনে নিজ বসন-অঞ্চলে,
বীজন করেন যাঁরে, মনো কুতূহলে ॥

—০—

১২০। অপূর্ব্ব কৌশলময় সঙ্গীতের রবে,
উন্মাদিত ক'রে যিনি প্রাণেশ মাধবে,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

নিজে হেসে, হাসিমুখী বিশাখার দ্বারা,
চুরি ক'রালেন বেণু, আর কণ্ঠমালা ॥

—০—

১২১। বীণাধ্বনি শুনি যাঁর, শ্রীহরির কর,
কাঁপিয়া-বাঁশরী পড়ে, ভূমির উপর।
বলয় ও চূড়িকার সুমধুর সুর,
দেহ-গেহ, পথ-স্মৃতি সব করে দূর ॥

—০—

১২২। মাধবের মুরলীর সুধা-গীত-কল,
গৃহধর্ম্ম, কুল যাঁর, ভুলায় সকল।
শৃঙ্গরব শুনি' যিনি তিন তিন বার,
তিল-জলাঞ্জলি দেন, উদ্দেশ্যে সবার ॥

—০—

১২৩। সুধা-বিনিন্দিত যাঁর উত্তম অধর,
অতি সুবাসিত আর কৃষ্ণ পুষ্টিকর।
কানুর চরণামৃতে শ্রীমতী রাধার,
মাধুর্য্য সম্পাদিত, হয় চমৎকার ॥

—০—

১২৪। 'রাধা' এই নিজনামে যিনি সর্ব্বভবে,
ক'রেছেন সুবিখ্যাত প্রাণেশ 'মাধবে'।
মাধবেরই হ'ন 'রাধা' এই ভাবে যিনি,
ত্রিজগতে হ'য়েছেন, প্রতিষ্ঠাশালিনী ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১২৫। মৃগনাভি সহ তা'র সৌরভের মত,
চন্দ্রের সহিত চারু চন্দ্রিকার মত,
তরু সনে তা'র মঞ্জু মঞ্জরীর সম,
কৃষ্ণ সনে অভিন্নতা যাঁ'র মনোরম ॥

অথবা

কস্তূরীর সনে তা'র সুগন্ধ যেমন,
চন্দ্রের সহিত যথা চন্দ্রিকা শোভন,
বৃক্ষ সাথে সুমঞ্জরী শোভিত যেরূপ,
কৃষ্ণ সহ অভিন্নতা, যাঁর সেইরূপ।

—০—

১২৬। রঙ্গিয়া কেশব যাঁরে, সঙ্গ সুখদানে অবিরত,
করেছেন সারঙ্গ-প্রিয়া, সুমঞ্জুলা রঙ্গিনীরি মত;
যাঁর প্রতি উচ্ছ্বসিত, অনঙ্গের কৌতুক-তরঙ্গে,
রঙ্গরাজ কৃষ্ণেরও চিত্তপুরী মাতে বহু রঙ্গে ॥

—০—

১২৭–১৩০।
স্তুতি-রস আস্বাদনে পটু অতিশয়,
ভাবাবিষ্ট, অনুরাগ-বিহ্বল হৃদয়;
ধন্য জনগণ কর্ত্তৃক, পূর্ব্বেই কথিত,
নাম-লীলা যুক্ত, এই পীযূষ বর্ষিত,
সুপদ্মিনী রাজির দ্বারা, নিত্য গীয়মানা,
সুদীন পালিকা সেই মহা কৃপা পূর্ণা,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরাধা-চরণ-পদ্মে করি নমস্কার,
এ' অধম নিবেদিছে প্রার্থনা তাহার।
"নিষ্ঠুর, কপট আর পরম দুর্জ্জন
হইলেও, অতিশয় দুঃখী এই জন,
হে রাধে! লয়েছে তব চরণে আশ্রয়,
তুমিই একান্ত গতি, আর কেহ নয়।"
সকাতরে উচ্চরবে করিয়া রোদন,
বারংবার বলি'—করি' ভূমিতে লুণ্ঠন;
অয়ি বৃন্দাবনেশ্বরি! তুমি সকরুণা;
নিজগণ মাঝে মোরে, করগো গণনা;
তব পদকমলের সাক্ষাৎ সেবনে,
নিযুক্ত করগো দেবি! এ' পতিত জনে॥

—•—

১৩১। অরবিন্দ নেত্রা রাধার করিব ভজন,
মৃদুহাস্য মুখী রাধায় করিব স্মরণ;
কৃপারসে পরিপূর্ণা শ্রীমতী রাধার,
গুণগানে মত্ত রবে রসনা আমার।
বৃষভানু নন্দিনীর কৃপা বিনা আর,
অন্য কোন গতি নাই, এই দাসিকার॥

অথবা

করিব ভজনা, কমল নয়না;
শ্রীরাধার শ্রীচরণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্মরিব মৃদুলা, হাস্য সমুজ্জ্বলা
রাধিকায় অনুখন ॥
রসনা আমার, করুণা-আধার,
ঈশ্বরী রাধার নাম।
কীর্ত্তনে সতত, থাকুক্ নিরত,
এই চাহে মোর প্রাণ ॥
জীবনে, মরণে, শয়নে, স্বপনে,
আর কোন গতি নাই।
কৃষ্ণ-প্রাণাধিকা, শ্রীমতী রাধিকা,
প্রীতিতে ভজিতে চাই ॥

—০—

১৩২--১৩৩

গোষ্ঠে বসি' অতি দীন চিত্তে যে সাধক,
নিরন্তর "শ্রীবিশাখানন্দদ" নামক,—
লীলা-নাম সম্বলিত স্তুতি মনোহর,
করে পাঠ; তার প্রতি প্রীত গিরিধর।
স্ব-ভূষণ রূপা প্রিয়া, রাধিকা-বিষয়ে,
উৎপাদন করি' অতি প্রীতি-ভাব চয়ে,
সাক্ষাৎরূপে তদীয় প্রিয় সুসেবনে,
করেন নিযুক্ত সেই ভাগ্যবন্ত জনে ॥

—০—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১৩৪। শ্রীমৎ শ্রীরূপ প্রভুর, পাদপদ্ম পরাগের,
একান্ত সেবক এক অধম জনের,—
পদ্যরূপে বিরচিতা, স্তুতিরূপা মালিকা সুন্দর,
শ্রীরূপাশ্রিত জনগণ, আঘ্রাণ করুন্ নিরন্তর ।।

—*—

শ্রীশ্রীবিশানন্দদ স্তোত্রের পদ্যানুবাদ সম্পূর্ণ।

—*—

কৃপাভিক্ষাঃ—

কেশীতীর্থ উপকণ্ঠে, বসি আমি ভগ্নকণ্ঠে,
গাহিলাম এই ভাষা গান।
শ্রীরূপ রঘুপদাশ্রিত, ঐকান্তিক ভক্ত যত,
সবাকারে করি পরণাম ।।
সকলেই কৃপাময়, ক্ষমি' সর্ব্ব দোষ চয়,
অমায়ায় কোরো আশীর্ব্বাদ।
শ্রীরাধার দাসী সবে, কৃপাদিঠে নিরখিবে,
পূর্ণ যেন হয় হেন সাধ্ ।।

শ্রীবৃন্দাবনধাম। শ্রীশ্রীগুরুবৈষ্ণব পদরেণু প্রার্থিনী
শ্রীরাসপৌর্ণমাসী পতিতাধমা—
৭ই অগ্রহায়ণ শ্রীঅপর্ণা দেবী
১৩৭৬ সন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জয় রূপ-সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপাল ভট্ট, দাস রঘুনাথ ॥
এই ছয় গোসাঞির করি চরণ বন্দন।
যাহা হ'তে বিঘ্ননাশ অভীষ্ট পূরণ ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"হে রাধে ব্রজদেবিকে চ ললিতে হে নন্দসূনো কুতঃ
শ্রীগোবর্দ্ধন-কল্পপাদপতলে কালিন্দী বন্যে কুতঃ।
ঘোষান্তাবিতি সর্বতো ব্রজপুরে খেদৈর্মহাবিহ্বলৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥"

—০—

"যদীচ্ছেরাবাসং ব্রজভুবি সরাগং প্রতিজন্মু-
র্যুবদ্বন্দ্বং তচ্চেৎ পরিচরিতুমারাদভিলষেঃ।
স্বরূপং শ্রীরূপং সগণমিহ তস্যাগ্রজমপি
স্ফুটং প্রেম্না নিত্যং স্মর নম তদা ত্বং শৃণু মনঃ॥"

—※—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশিকা—শ্রীঅপর্ণা দেবী
বৃন্দাবন।

সর্ব্বস্বত্ব সংক্ষরিত

মকর সংক্রান্তি ২৯শে পৌষ, সন ১৩৭৭।

মুদ্রক—শ্রীহরিনাম প্রেস,
বাগ বুন্দেলা,
বৃন্দাবন, (মথুরা) ইউ, পী,

Dr. Urmila Sharma Collection, Varanasi